# WEST BENGAL G.R.S ASSOCIATION

## STATE COMMITTEE / রাজ্য কমিটি

**রেফারেন্স নং: 76/SC/WBGRSA/2026** **তারিখ: ১৭.০৮.২০২৬**

## ভার্চুয়াল রাজ্য কমিটি সভার কার্যবিবরণী (Meeting Minutes)

### ১. সাধারণ তথ্য

- **সভার তারিখ:** ১৬ আগস্ট, ২০২৬ (১৬.০৮.২০২৬)
- **সময়:** রাত ৯:০০ টা
- **মাধ্যম/প্ল্যাটফর্ম:** ভার্চুয়াল (গুগল মিট)

### ২. উপস্থিত সদস্যবৃন্দ

- রাজ্য কমিটির দায়িত্বপ্রাপ্ত পদাধিকারী
- জেলা কমিটির সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষ
- ওয়েলফেয়ার কমিটির দায়িত্বপ্রাপ্ত পদাধিকারী

### ৩. সভার এজেন্ডা

- রাজ্য কমিটির পরবর্তী ফিজিক্যাল মিটিং ও বার্ষিক সাধারণ সভা (AGM) আয়োজন
- বর্তমান পরিস্থিতি পর্যালোচনা
- চলতি কর্মসূচির অগ্রগতি পর্যালোচনা ও আগামী কর্মসূচি গ্রহণ

### ৪. বিস্তারিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ

**ক) রাজ্য কমিটির পরবর্তী ফিজিক্যাল মিটিং ও বার্ষিক সাধারণ সভা (AGM):**

- সভায় উপস্থিত সকলের সাথে বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্ত গৃহীত হয় যে, রাজ্য কমিটির পরবর্তী Physical Meeting এবং Annual General Meeting (AGM) আগামী ২০ শে সেপ্টেম্বর, ২০২৬ (20.09.2026) তারিখ অনুষ্ঠিত হবে।
- উক্ত সভা আয়োজনের সার্বিক দায়িত্ব উত্তর ২৪ পরগনা জেলা কমিটিকে প্রদান করা হয়েছে। মিটিংয়ের নির্দিষ্ট স্থান ও সময় অতিসত্বর আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি মারফত জানিয়ে দেওয়া হবে।

**খ) বিগত দিনের কর্মসূচির রিসিভ কপি জমা দেওয়া:**

- বিগত দিনে ব্লক ও জেলা পর্যায়ে আয়োজিত মাস পিটিশন (Mass Petition) সহ অন্যান্য কর্মসূচির রিসিভ কপি জমা দেওয়ার বিষয়টি পর্যালোচনা করা হয়।
- **সিদ্ধান্ত:** ১০০% কর্মসূচি সম্পন্ন করে সংশ্লিষ্ট রিসিভ কপিগুলো আগামী ২৩.০৮.২০২৬ তারিখের মধ্যে রাজ্য কমিটির কাছে জমা পাঠাতে হবে।

  ***বিশেষ দ্রষ্টব্য: ২৩.০৮.২০২৬ তারিখ অতিক্রম করার পর আর কোনো রিসিভ কপি রাজ্য কমিটি কর্তৃক গৃহীত হবে না।***

**গ) জেলাভিত্তিক মতামত ও প্রস্তাব আহ্বান (আগামী ফিজিক্যাল কর্মসূচি):**

- বর্তমান পরিস্থিতি বিবেচনা করে আগামী দিনে কী ধরনের ফিজিক্যাল আন্দোলন বা কর্মসূচি গ্রহণ করা যায়, সে বিষয়ে সুচিন্তিত মতামত সংগ্রহের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
- সকল জেলা কমিটিকে অনুরোধ করা হয়েছে, তারা যেন নিজ নিজ জেলার সমস্ত সদস্যদের সাথে আলোচনা করে মতামত ও পরামর্শ সংগ্রহ করবেন এবং উক্ত সাংগঠনিক কমসূচির ক্ষেত্রে নিজ জেলার ম্যাক্সিমাম উপস্থিতি ও পার্টিসিপেশন নিশ্চত করবেন।
- সংগৃহীত মতামতের ভিত্তিতে নির্মিত উপযুক্ত প্রস্তাবাবলী জেলা সভাপতি ও সম্পাদক যৌথভাবে (Jointly) জেলার নিজস্ব লেটারপ্যাডে লিখিতভাবে আগামী ২৩.০৮.২০২৬ তারিখের মধ্যে রাজ্য কমিটিকে জমা দেবেন।
- সকল জেলা কমিটি থেকে প্রাপ্ত লিখিত মতামতের ওপর ভিত্তি করেই অবিলম্বে পরবর্তী মূল আন্দোলনের রূপরেখা চূড়ান্ত করা হবে।

  ***বিশেষ দ্রষ্টব্য: ২৩.০৮.২০২৬ তারিখের মধ্যে সমস্ত জেলা কমিটির মতামত জমা দেওয়া আবশ্যিক। অন্যথায় পরবর্তী মূল আন্দোলনের রূপরেখা ও কর্মসূচি চূড়ান্তকরণ বিলম্বিত হতে পারে।***

**ঘ) কেন্দ্রীয় ও রাজ্য পর্যায়ের ইমেল কর্মসূচি:**

- সংগঠনের সার্বিক দাবিসমূহের সমর্থনে কেন্দ্রীয় ও রাজ্য প্রশাসনিক স্তরে আগামী ৩ থেকে ৪ সপ্তাহব্যাপী একটি বিশেষ ইমেল কর্মসূচি পালিত হবে।
- ইমেলের খসড়া (Format) এবং নির্দিষ্ট ইমেল আইডি (Email IDs) যথাসময়ে রাজ্য কমিটি থেকে সকল জেলা কমিটিকে পাঠিয়ে দেওয়া হবে।

### ৫. ধন্যবাদ জ্ঞাপন ও সভার সমাপ্তি

সংগঠনের সর্বাঙ্গীন উন্নতি এবং আগামী দিনের আন্দোলন সফল করার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করে, উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করা হল ।

সভাপতি/সাধারণ সম্পাদক
ওয়েস্ট বেঙ্গল জি.আর.এস এসোসিয়েশন
রাজ্য কমিটি